# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় অধ্যায় - পাণ্ডুলিপি, প্রামাণ্যতা ও অভ্রান্ততা

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ২. ১৪. ৬. ২. পল শুধু পুরাতন নিয়মকেই ‘পাক কিতাব’ বলে গণ্য করেছেন

scripture শব্দটার অর্থ ‘পবিত্র লেখনি’ (sacred writing)। এ অর্থে সকল ধর্মের সকল ধর্মগ্রন্থই scripture। তবে নতুন নিয়মে যীশু ও তাঁর শিষ্যরা scripture অর্থাৎ শাস্ত্র, শাস্ত্রলিপি বা পাক কিতাব বলতে ‘পুরাতন নিয়ম’ বুঝিয়েছেন। পলের বক্তব্যের প্রথম অংশ তা নিশ্চিত করে। তিনি তীমথিকে লেখেছেন: ‘‘তুমি শিশুকাল অবধি পবিত্র শাস্ত্র জ্ঞাত আছ’’। কি. মো. ‘‘তুমি ছোটবেলা থেকে পাক কিতাব শিক্ষালাভ করেছ।’’ আমরা জানি তীমথির ছোটবেলা থেকে সাধু পলের এ পত্র লেখা পর্যন্ত ইহুদি ও খ্রিষ্টান সমাজে ‘পুরাতন নিয়ম’ ছাড়া আর কোনো ‘পাক কিতাব’ ছিল না। পল আরো অনেক স্থানে scripture শব্দটা ব্যবহার করেছেন এবং সর্বত্র ‘পুরাতন নিয়ম’ বুঝিয়েছেন। পলের সময়ে কোনো ইঞ্জিল লেখাই হয়নি। নতুন নিয়মের ২৭ পুস্তক সংকলন তো দূরের কথা সাধু পলের সময় তা লেখাই হয়নি। সাধু পল ৫০-৬০ খ্রিষ্টাব্দের দিকে পত্রগুলো লেখেছেন। আর ইঞ্জিলগুলো সর্বসম্মতভাবেই এর পরে লেখা হয়েছে। সাধু পলের এ কথাটাও তিনি শাস্ত্র, ধর্মগ্রন্থ বা পাক কিতাব হিসেবে লেখেন নি। তিনি তাঁর নিজের কথা হিসেবে লেখেছেন। এমনকি তিনি এ কথাগুলো পবিত্র আত্মার মাধ্যমে পেয়েছেন বলেও জানাননি।

Source — https://www.hadithbd.com/books/link/?id=13945

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন